

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৯

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসেহ করা সম্পর্কে।

# باب الْمُسْحِ عَلَى الْخُفَّيْنِ

#### আরবী

حكم: صحيح (الألباني

বাংলা

১৪৯. আহমাদ ইবনু সালেহ্ ..... মুগীরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তাব্কের যুদ্ধের সময় একদিন রাস্লুল্লাহ্



সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের নামাযের পূর্বে স্থানান্তরে গমন করলেন এবং এ সময় আমিও তাঁর সাথে ছিলাম। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উদ্ধী বসালেন এবং মলমূত্র ত্যাগ করলেন। তা সমাপনান্তে ফিরে এলে আমি পাত্র হতে তাঁর হাতে পানি ঢেলে দেই। তিনি উভয় হাতের কজি পর্যন্ত এবং মুখমণ্ডল ধৌত করেন। অতঃপর তিনি তার জুব্বার আস্তিন উপরের দিকে উঠাতে চেষ্টা করেন, কিন্তু তা সংকীর্ণ হওয়ায় তিনি তাঁর হাত তার জুব্বার আস্তিনের ভিতর হতে বের করে উভয় হাতের কনুই পর্যন্ত ধৌত করলেন। অতঃপর মাথা মাসেহ্ করলেন, অতঃপর মোজার উপর মাসেহ্ করলেন এবং উটের উপর আরোহণ করলেন। অতঃপর আমরা সেখান থেকে প্রত্যাবর্তন করে সকলকে নামায়ে রত পেলাম। তারা আব্দুর রহমান ইবনু আওফ (রাঃ)-কে ইমাম নিযুক্ত করেছে।

আব্দুর রহমান ইবনু আওফ (রাঃ) নামাযের সময় হওয়ায় তাদেরকে নিয়ে নামায আরম্ভ করেন এবং আমরা তাকে এমন অবস্থায় পাই যে, তিনি ফজরের নামাযের এক রাকাত (তখন) শেষ করেছেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলিমদের সাথে কাতারে দাঁড়িয়ে আবদুর রহমান (রাঃ) এর পিছনে নামাযের দ্বিতীয় রাকাতে আদায় করলেন। আবদুর রহমান (রাঃ) নামাযের সালাম ফিরালে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাকী নামায আদায়ের জন্য দন্ডায়মান হন। এতদ্দর্শনে সমবেত মুসলিমরা ভীত-সন্তুস্ত হয়ে অধিক পরিমাণে 'সুবাহানাল্লাহ' পাঠ করতে থাকে। কেননা তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য অপেক্ষা না করে নামায আরম্ভ করে দিয়েছিল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায সমাপনান্তে সাহাবীদের লক্ষ্য করে বলেনঃ তোমরা যথা সময়ে নামায আদায় করে ঠিকই করেছ অথবা উত্তম কাজই করেছ - (বুখারী, মুসলিম, নাসান্ট, ইবনু মাজাহ, তিরমিযী)।

## **English**

### Al-Mughirah b. Shu'bah reported:

I was in the company of the Messenger of Allah () in the expedition of Tabuk. He abandoned the main road before the dawn prayer, and I also did the same along with him. The Prophet () made his camel kneel down and (went to ) relieve himself. He then came back and I poured water upon his hands from the skin-vessel. He then washed his hands and face. He tried to get his forearms out (of the gown), but the sleeves of the gown were too narrow, so he entered back both his hands, and brought them out from beneath the gown. He washed his forearms up to the elbows and wiped his head and wiped over his socks.80 He then mounted (his camel) and we began to proceed until we found people offering the prayer. They brought forward 'Abd al-Rahman b. 'Awf who was leading them in prayer. The Prophet() stood in the row side by side with other Muslims. He performed the second rak'ah of the prayer behind 'Abd al-Rahman b. 'Awf. Then 'Abd al-Rahman uttered salutation. The Prophet() stood to perform the remaining rak'ah of the prayer. The Muslims were alarmed. They began to



utter tasbih (Subhan Allah) presuming that they had offered prayer before the Prophet (ﷺ) had done. When he uttered the salutation (i.e. finished his prayer), he said: You were right, or (he said) you did well.

Grade: Sahih (Al-Albani)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন